



বুধবার রিপোর্টার্স ইউনিটিতে মিট দ্য প্রেসে বক্তব্য রাখছেন শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক

মিট দ্য প্রেস অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

'আমরা ক্যাম্পাসভিত্তিক গঠনমূলক ছাত্ররাজনীতি প্রতিষ্ঠার চেষ্টা করছি'

নিজস্ব বার্তা পরিবেশক : শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, 'আমরা কিছুদিন ছাত্র রাজনীতি বন্ধ রেখেছিলাম, এ সুযোগে অন্যসব ছাত্র সংগঠন শিক্ষাসনগুলোতে সন্ত্রাস ও বিশৃঙ্খলা সৃষ্টি করেছে; এ কারণে আমরা এখন ক্যাম্পাসভিত্তিক গঠনমূলক ছাত্র রাজনীতি প্রতিষ্ঠার চেষ্টা করছি।' তিনি আরও বলেন, 'বর্তমান সরকারের আমলে দলীয় ভিত্তিতে উপাচার্য নিয়োগ দেয়া হলেও কোন উপাচার্যই দলীয় কোন কার্যকলাপ করেন না। তিনি গতকাল বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটি আয়োজিত মিট দ্য প্রেস' অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন। অনুষ্ঠানে তিনি দেশের শিক্ষা ব্যবস্থা প্রসঙ্গে সংক্ষিপ্ত বক্তব্য দেন এবং খোলামেলাভাবে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। অনুষ্ঠানে ঢাকা রিপোর্টার্স ইউনিটির সভাপতি শাজাহান সর্দার এবং সাধারণ সম্পাদক মোতাহের হোসেন মাসুম উপস্থিত ছিলেন।

তিনি তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, আমাদের দেশে অতীতে শিক্ষা ব্যবস্থার অনেক উন্নতি হয়েছে, উন্নতি এখনও হচ্ছে;

কিন্তু সমস্যা একটাই শিক্ষার মান বাড়ছে না। আমাদের বর্তমান শিক্ষা ব্যবস্থায় দক্ষ জনশক্তির বদলে বেকার সৃষ্টি হচ্ছে।' তিনি জানান, শিক্ষার মান বৃদ্ধির জন্য শিক্ষকরা

শিক্ষামন্ত্রী : পৃঃ ২ কঃ ৮